



KATWA COLLEGE

(Affiliated to the University of Burdwan)

P.O.: Katwa, Dist.: Purba Bardhaman, West Bengal, PIN- 713 130, India

Ref. No.: 41/Wooden Furniture/ KC/PC/2022

Date: 12/01/2022

বিজ্ঞপ্তি

কাটোয়া কলেজে শ্রেণীকক্ষের জন্য প্রায় ১০০টি হাই বেঞ্চ (High Bench) এবং প্রায় ১০০টি সিট বেঞ্চ (Seat Bench) তৈরী করানো হবে। উভয় প্রকার বেঞ্চের পরিমাপের বিবরণ যথা-

বেঞ্চ	লম্বা	টপ (চওড়া)	উচ্চতা
হাই বেঞ্চ (High Bench)	৬' (ছয় ফুট)	১০" (দশ ইঞ্চি)	৩০" (ত্রিশ ইঞ্চি)
সিট বেঞ্চ (Seat Bench)	৬' (ছয় ফুট)	১০" (দশ ইঞ্চি)	১৮" (আঠারো ইঞ্চি)

- সকল বেঞ্চের টপগুলি অর্থাৎ উপরি ভাগের পাটাতন অবশ্যই অবিভক্ত ভাবে সম্পূর্ণ ১০" (দশ ইঞ্চি) চওড়া এবং পুরু (Thickness) ১" (এক ইঞ্চি) হতে হবে। সমস্ত বেঞ্চের পায়ার মাপ হবে ২" x ২" হবে। প্রত্যেক বেঞ্চের পাশি এবং পাদানীর মাপ ৩" x ১" হবে। প্রয়োজনে কাঠের গুঁজি ব্যবহার করা যেতে পারে কিন্তু কোনভাবেই পেরেক ব্যবহার করা যাবে না।
- বেঞ্চ নির্মাণ কাজে সম্পূর্ণরূপে সোনারুড়ি অর্থাৎ আকাশমনি কাঠ ব্যবহার অত্যাবশ্যিক এবং উপরের পাটাতনে আমকাঠ অথবা তৎসমতুল্য কাঠ ব্যবহার করতে হবে।
- সমস্ত নির্মাণ কাজটি কলেজ চত্বরে উপস্থিত থেকেই সম্পন্ন করতে হবে এবং যথাযথ শ্রেণীকক্ষগুলিতে নির্মিত বেঞ্চগুলি সরবরাহ করতে হবে।

অতএব, উপর্যুক্ত বিধি-নিষেধ অনুসরণ করে অভিজ্ঞ কাঠমিস্ত্রীদের হতে উভয় প্রকার বেঞ্চের জন্য যথোপযুক্ত দরপত্রের আহ্বান করা হচ্ছে। দরপত্র দাখিলের শেষ তারিখ ২২/০১/২০২২ বেলা ৩টা পর্যন্ত। এই প্রসঙ্গে আরও বিশদ জানতে কলেজের অধ্যক্ষ মহাশয়ের সহিত নির্দিধায় যোগাযোগ করতে অনুরোধ রইল।

Sd/-
Principal
Katwa College

বি.দ্র. - সকল দরপত্র-দাতাদের যথাযথ GST রেজিস্ট্রেশন নম্বর এবং GST ফাইল সম্পন্ন থাকা অত্যাবশ্যিক।